**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 24-05-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Rising North East Investors Summit 2025 :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিনিয়োগকারীদের উত্তর-পূর্বাঞ্চলের বিভিন্ন ক্ষেত্র অন্বেষণ করার আহ্বান জানিয়ে বলেন, উত্তর-পূর্বাঞ্চল এখন বাণিজ্যের অন্যতম ক্ষেত্রে পরিণত হচ্ছে। গতকাল নতুন দিল্লিতে রাইজিং নর্থ ইস্ট ইনভেস্টরস সামিটের উদ্বোধন করে তিনি একথা বলেন। শ্রী মোদী বলেন, উন্নত ভারত সৃষ্টির জন্য উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়ন গুরুত্বপূর্ণ। উত্তর-পূর্বাঞ্চল, ভারতের সবচেয়ে বৈচিত্র্যময় অঞ্চল এবং এই বৈচিত্র্যই জাতির শক্তি। তিনি বলেন উত্তর-পূর্বাঞ্চল একটি সমৃদ্ধ জৈব-অর্থনীতি এবং বাঁশ শিল্প, চা উৎপাদন এবং পেট্রোলিয়াম, খেলাধুলা এবং দক্ষতার সমার্থক, পাশাপাশি ইকো-ট্যুরিজমের জন্য একটি উদীয়মান কেন্দ্র। দুই দিনের এই শীর্ষ সম্মেলনের লক্ষ্য উত্তর-পূর্ব অঞ্চলকে সুযোগের ভূমি হিসেবে তুলে ধরা এবং বিশ্বব্যাপী ও দেশীয় বিনিয়োগ আকর্ষণ করা।

**********************

**Rising North East Investors Summit 2025/ CM :**

গতকাল নয়াদিল্লিতে 'রাইসিং নর্থইস্ট ইনভেস্টরস সামিটে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন এআই এবং ৫ জি উন্নয়নের লক্ষ্যে পরিকাঠামোর আরো বিকাশ সাধন করছে রাজ্য সরকার। মুখ্যমন্ত্রী বলেন, ত্রিপুরা ৫জি পরিষেবা গ্রহণের মাধ্যমে উল্লেখযোগ্য অগ্রগতি করেছে। এই ডিজিটাল রূপান্তর প্রশাসনে স্বচ্ছতা, দক্ষতা এবং জবাবদিহিতা বৃদ্ধি করেছে। শিল্প বিকাশের লক্ষ্যে ত্রিপুরায় বিনিয়োগের জন্য মুখ্যমন্ত্রী বিনিয়োগকারীদের প্রতি আহ্বান জানান।

######### Byte Cm #########

***********************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন। এটি হল মন-কি-বাত অনুষ্ঠানের ১২২ তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে।

**********************

**Tiranga jatra:**

অপারেশন সিঁদুরের ঐতিহাসিক সাফল্যের জন্য দেশের সেনাবাহিনীকে ধন্যবাদ জানিয়ে গতকাল রামনগর বিধানসভা এলাকায় তিরঙ্গা যাত্রা করা হয়। উপস্থিত ছিলেন সমাজ কল্যাণ মন্ত্রী টিংকু রায়, পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, মেয়র বিধায়ক দীপক মজুমদার প্রমুখ।

***********************

**Bikash Debbarma :**

জনজাতি কল্যানমন্ত্রী বিকাশ দেববর্মা জানিয়েছেন প্রান্তিক এলাকার সাধারণ মানুষের চিকিৎসা পাওয়ার অধিকার সুনিশ্চিত করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। গতকাল তেলিয়ামুড়ার মুঙ্গিয়াকামী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র পরিদর্শন করে একথা জানিয়েছেন তিনি। এই স্বাস্থ্যকেন্দ্রে তিনি চিকিৎসা পরিকাঠামো, রোগী পরিষেবা, জরুরি ওষুধ মজুত এবং বর্ষাকালে বিষধর

সাপের ছোবলের ঘটনার প্রেক্ষিতে এন্টি ভেনম ওষুধের প্রাপ্যতা সম্পর্কে খোঁজ নেন।

*********************

**Awareness programme :**

রাজ্য মহিলা কমিশনের উদ্যোগে গতকাল শান্তিরবাজারের মুকুট অডিটোরিয়ামে লিঙ্গভিত্তিক সহিংসতা বিষয়ে সচেতনতা গড়ে তুলতে এক সচেতনতা কর্মসূচি অনুষ্ঠিত হয়। বিধায়ক প্রমোদ রিয়াং, রাজ্য মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেববর্মা শিবিরে উপস্থিত ছিলেন।

*********************

**State Level Workshop on Tobacco Control :**

ত্রিপুরা ভলেন্টিয়ারি হেলথ অ্যাসোসিয়েশন এবং ন্যাশনাল ল ইউনিভার্সিটি, ত্রিপুরার যৌথ উদ্যোগে গতকাল ন্যাশনাল ল ইউনিভার্সিটির কনফারেন্স হলে এক কর্মশালার আয়োজন করা হয়। তামাক নিয়ন্ত্রন বিষয়ে রাজ্যভত্তিক এই কর্মশালার উদ্বোধন করেন রাজ্য বিধানসভার মুখ্য সচেতক কল্যাণী সাহা রায়। তিনি বলেন এই কর্মশালার মূল লক্ষ্য হলো মানুষ যাতে এই ক্ষতিকারক তামাক জাতীয় দ্রব্য গ্রহন থেকে বিরত থাকে সেই বিষয়ে তাদের সচেতন করা।

************************

**Football :**

টিএফএ পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় স্বামী বিবেকানন্দ ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে তারা ৩-১ গোলে ভারতরত্ন সংঘকে পরাজিত করে।

*************************

**JC Cricket :**

টিসিএ পরিচালিত যোগেশ চক্রবর্তী স্মৃতি ক্রিকেট প্রতিযোগিতার শতদল সংঘ ও ইউনাইটেড ফ্রেন্ডসের তিনদিনের খেলা গতকাল শুরু হয়েছে। নরসিংগড়ের পিটিএ মাঠে শতদল সংঘ প্রথমে ব্যাট করতে নেমে ৮ উইকেটে ৪১৫ রান তুলে প্রথম ইনিংসের সমাপ্তি ঘোষনা করে। জাবাবে ইউনাইটেড ফ্রেন্ডস প্রথম ইনিংসে দিনের শেষে ৪ উইকেট হারিয়ে ৫৮ রান করে। এদিকে এমবিবি স্টেডিয়ামে জয়নগর ক্রিকেট ক্লাব ও স্ফুলিঙ্গ ক্লাবের তিনদিনের খেলার প্রথম দিন মাঠ ভেজা থাকার কারণে পরিত্যক্ত হয়।

**************************

**Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায় বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৪ ডিগ্রী সেলসিয়াস।

***************************

****************